

**সেনাকল্যাণ সংস্থার স্কুল  
 ও মাদ্রাসা পর্যায়ে বৃত্তির  
 জন্য দরখাস্ত আহ্বান**

গত বোম্বার সেনা কল্যাণ সংস্থা  
 সশস্ত্র বাহিনীর শ্রাক্তন/অবসরপ্রাপ্ত  
 সদস্যদের সন্তানদের নিকট হতে স্কুল ও  
 মাদ্রাসায় অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের বৃত্তি  
 প্রদানের জন্য ৪০% ও উদ্বৃত্ত নম্বর  
 শ্রাক্তদের নিকট থেকে নির্ধারিত  
 আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করেছে।  
 সকল পর্যায়ে একই পবির্ভাবে একই সময়ে  
 ২ জনের বেশী আবেদন করতে পারবে  
 না।

৪ অবসরগ্রহণের পূর্বে উন্নয়নকারী  
 সন্তানগণ বৃত্তি পাওয়ার যোগ্য নয়। সকল  
 জেলা সশস্ত্র বাহিনী বোর্ড এবং সেনা  
 কল্যাণ সংস্থার প্রধান কার্যালয়, সেনা  
 কল্যাণ ভবন, ১৯৫, মতিঝিল, বাণিজ্যিক  
 এলাকা হতে পেশনন হ: অবসরপ্রাপ্তের  
 সনদপত্র দেখিয়ে নির্ধারিত আবেদনপত্রের  
 ফর্ম সংগ্রহ করা যাবে। ২০ মার্চের মধ্যে  
 জেলা সশস্ত্র বাহিনী বোর্ডে আবেদনপত্র  
 জমা দিতে হবে। জেলা সশস্ত্র বাহিনী  
 বোর্ড থেকে পূরণকৃত আবেদনপত্র ৩১  
 মার্চের মধ্যে সেনা কল্যাণ সংস্থার প্রধান  
 কার্যালয়ের কল্যাণ পরিদপ্তরে পৌঁছাতে  
 হবে।

৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীতে অধ্যয়নরত  
 বৃত্তিপ্রার্থীগণ পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণ বা  
 নম্বরপত্র ৩১ মার্চের মধ্যে স্ব-স্ব  
 শিক্ষায়তনে প্রধানের স্বাক্ষরসহ সেনা  
 কল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ে জমা  
 দিলে তাদের বৃত্তি পরবর্তী বর্ষের জন্য  
 ন্যায়ন করা হবে। উত্তীর্ণপত্র বা নম্বরপত্র  
 ফটোকপি হলে অবশ্যই শিক্ষায়তনের  
 প্রধান দ্বারা সত্যায়িত হতে হবে।  
 উত্তীর্ণপত্রে বা নম্বরপত্রে ছাত্র/ছাত্রীদের  
 নাম, বৃত্তির নম্বরসহ পিতার নাম ও সংশ্লিষ্ট  
 বাহিনীর নম্বর ও পদবী অবশ্যই লিপিবদ্ধ  
 করতে হবে। -আইএসপিআর